




বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

‘বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করুন’

আধুনিক জীবনে এক মুহূর্তের বিদ্যুৎ বিভ্রাট যেন স্থবির করে সবকিছু। সারা দেশের সমগ্র জন-জীবন, উৎপাদন, কৃষি সবকিছুতেই বিদ্যুতের ব্যবহার অপরিহার্য। কিন্তু উৎপাদিত কিংবা আমদানিকৃত বিদ্যুত দিয়ে ২৪ ঘণ্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজন জনসচেতনতা এবং সকলের আন্তরিক সহযোগিতা।

সাধারণত দিন ও রাতের নির্দিষ্ট কিছু সময়ে বিদ্যুতের চাহিদা সর্বোচ্চ থাকে। পিক আওয়ারে (দুপুর ১ টা-বিকাল ৩টা এবং সন্ধ্যা ৬টা-রাত ১২টা) বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সাধারণত এই সময়েই লোডশেডিং হয়। কৃষিপ্রধান দেশ হিসেবে বোরো মৌসুমে লক্ষ লক্ষ সেচ পাম্প চালু রাখতে বিদ্যুতের চাহিদা অনেক বেড়ে যায়। এই বাড়তি চাহিদা বিদ্যুৎ ব্যবস্থাপনার ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করে। ফলে প্রায়শই লোডশেডিং হয়, যা আমাদের দৈনন্দিন জীবনের স্বাভাবিক গতি ও দেশের অর্থনৈতিক প্রবাহকে ব্যাহত করে।

দৈনিক বিদ্যুৎ ব্যবহারের চিত্র



সময় (ঘণ্টা)

সূত্র: পাওয়ার গ্রিড বাংলাদেশ (পিজিবি) পিএলসি

■ পিক আওয়ারে বিদ্যুৎ সাশ্রয়ী আমাদের করণীয়ঃ

- ✓ সেচ পাম্প রাত ১১টা থেকে সকাল ৭টা পর্যন্ত চালু রাখুন;
- ✓ এয়ার কন্ডিশনার (এসি), বৈদ্যুতিক ইস্ত্রি (আয়রন), ওয়াশিং মেশিন, পানির মোটর, মাইক্রোওয়েভ ওভেন, রাইস কুকার, হেয়ার ড্রায়ার, ব্যাটারিচালিত অটোরিকশা চার্জিং, ডিস ওয়াসার, গিজার ইত্যাদি পরিমিত ব্যবহার করুন এবং এসব যন্ত্র অফ পিক আওয়ারে ব্যবহার করুন;
- ✓ অপ্রয়োজনে এসি, লাইট ও ফ্যান বন্ধ রাখুন এবং বিদ্যুৎ সাশ্রয় করুন।

■ বিদ্যুৎ সাশ্রয়ের সুবিধাঃ

- ✓ বিদ্যুৎ বিল কমবে এবং লোডশেডিং এড়ানো সম্ভব হবে;
- ✓ ভোল্টেজ ওঠানামা হ্রাস পাবে এবং আপনার মূল্যবান বৈদ্যুতিক সরঞ্জাম সুরক্ষিত থাকবে;
- ✓ নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

বিদ্যুৎ সাশ্রয়ী আমাদের সামান্য সহযোগিতাই

দেশের সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে পারে

জনস্বার্থে
বিদ্যুৎ বিভাগ